খোঁজ
www.khonj.live
ভিজিট করুন, আর পেয়ে যান
সব কিছু ... নিমেষে।

সরকারী

আমার শহর

অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

চিকিৎসক (OPD) সংক্রান্ত খোঁজ-খবর
বিনামূল্যে
mediguide.in
অসুস্থতায় দিশেহারার দিন শেষ।

০৭ / ৫৮০ aamaarshahor.com

মালদা ১৯ আষাঢ়, ১৪৩২ শুক্রবার, ৪ জুলাই, ২০২৫ ২৩ বর্ষ ৭ম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য ৪ পাতা

বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

সুচিকিৎসা

কম বয়সীদের মধ্যে হার্ট অ্যাটাক

ডাঃ সুপ্রতীপ কুন্ডু ঃ কল্লোলিনী তিলোত্তমা এখন মল কালচারে অভ্যস্ত। ৮ থেকে ৮০ সকলেরই সানডে অডিটিং মানেই যে কোনও শপিং মলে সারাটা দিন উদযাপন। বিলাসবহুল জীবনযাত্রা, ফাস্টফুড আসক্তি এবং অন্য কিছু অভ্যাসের কারণে কমবয়সীদের মধ্যে হার্ট অ্যাটাকের প্রবণতা ক্রমশঃ বাড়ছে। তাই চিকিৎসক মহল বেশ চিন্তিত। প্রয়োজন সার্বিক সচেতনতা। জানালেন বিশিষ্ট কার্ডিওলজিস্ট ডাঃ সুপ্রতীপ কুন্ডু।

হার্ট অ্যাটাক কী ?

হার্ট অ্যাটাক মানবদেহের হার্টের রক্তবাহী নালীতে হঠাৎ করে রক্ত সঞ্চালন বন্ধ হয়ে যাওয়া। এর ফলে হার্টের কর্মক্ষমতা বিঘ্নিত হয়ে রোগীর মৃত্যু ঘটতে পারে।

কারণ (কমবয়সীদের হার্ট অ্যাটাক)

কমবয়সীদের মধ্যে হার্ট অ্যাটাক বৃদ্ধির নানান কারণ রয়েছে। প্রথম ভারতীয়দের মধ্যে করোনারি হার্ট ডিজিজ ইউরোপীয়ান বা আমেরিকানদের চেয়ে ৫-১০ বছর আগে দেখা দেয়। এছাড়া বর্তমানে অল্পবয়সীদের মধ্যে —

- লাইপোপ্রোটিন অধিক মাত্রায় বৃদ্ধি।
- অনিয়ন্ত্রিত জীবনযাত্রা, শারীরিক পরিশ্রম না করা।
- জাঙ্ক ফুডের প্রতি আসক্তি।
- রক্তে সুগারের অধিক্য।
- অতিরিক্ত মানসিক চাপ।
- বংশে হার্ট অ্যাটাকের ইতিহাস।
- অনিয়ন্ত্রিত ওজন ইত্যাদির কারণে হার্ট অ্যাটাকের সম্ভাবনা দ্বিগুণ বৃদ্ধি পাচ্ছে।

উপসর্গ

- হার্ট অ্যাটাকের প্রধান উপসর্গ অ্যাকিউট চেস্ট পেইন।
- ঘাম হওয়া, ব্যথা বুক থেকে পিঠে ও দু'হাতে ছড়িয়ে যায়।
- অনেক সময় চোয়ালে, দাঁতে ও কানেও ছড়ায়।
- গ্যাস ও অম্বল হওয়া।
- রোগী অজ্ঞান হয়ে যেতে পারেন।

রিস্ক ফ্যাক্টর

- উচ্চ রক্তচাপ।
- হাই ব্লাড সুগার।
- হাই কোলেস্টেরল।
- অত্যধিক ওজন।
- ধুমপান ও মদ্যপান।

শনাক্তকরণ

- ই.সি.জি.ই আদর্শ পরীক্ষা, তবে অনেক সময় ই.সি.জি.-তে হার্ট অ্যাটাক ধরা না পড়লে আধ ঘন্টা পর পর একাধিকবার ই.সি.জি. করে দেখা উচিত।
- এছাড়া অসুখ নিশ্চিত করার জন্য ইকোকার্ডিওগ্রাম করা হয়।

চিকিৎসা

- এক্ষেত্রে সবচেয়ে ভালো চিকিৎসা হল প্রাইমারি অ্যাঞ্জিওপ্লাস্টি করা। হার্ট অ্যাটাকে মাল্টিপল ব্লকেজ সাধারণতঃ থাকে না তাই অ্যাঞ্জিওপ্ল্যাস্টি করলেই রোগ নিরাময় সম্ভব।
- তবে মাল্টিপল ব্লক থাকলে অনেক সময় বাইপাস সার্জারি করা হয়ে থাকে। যদি অ্যাঞ্জিওপ্লাস্টির সুযোগ না থাকে তাহলে থ্রম্বোলাইটিক থেরাপি অর্থাৎ ওষুধের সাহায্যে করোনারি ধমনীর জমাট বাঁধা রক্ত অপসারণ করা হয়।
- তবে হার্টের আর্টারি ব্লকেজ যদি ৫০-৬০ শতাংশ হয় তাহলে তার চিকিৎসা ওষুধের (অ্যাসপিরিন, স্ট্যাটিল, লাইট্রোগ্লিসারিল) মাধ্যমেই করা হয়।

সতর্কতা

বর্তমানে কম বয়সীদের মধ্যে যে পরিমাণে হার্ট অ্যাটাকের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে তাতে একদম প্রাথমিক অবস্থা থেকে সতর্কতা অবলম্বন না করলে পরবর্তী ক্ষেত্রে মারাত্মক আকার ধারণ করতে পারে। তাই যে যে সতর্কতাগুলি পালন অবশ্য কর্তব্য —

- ২০ বছরের পর থেকেই রুটিন চেকআপ করা।
- বংশে হার্ট অ্যাটাকের ইতিহাস থাকলে বিশেষ সতর্কতা।
- প্রেশার, সুগার, কোলেস্টেরল ও ওজন নিয়ন্ত্রণে রাখা।
- হেলদি খাদ্যাভ্যাস গ্রহণ।
- নিয়মিত শরীর চর্চা।
- নেশা আসক্তি থেকে বিরত থাকা।
- কোনও প্রকার অস্বাভাবিক দেখলেই চিকিৎসকের পরামর্শ নেওয়া।

ফটো আইডি প্রমাণসহ
ABPweddings.com
আসল পরিচয়। সফল পরিণয়।
Booking Agent : MALDA
Mobile : 9233 44 45 46

ঘরে Split A.C. আছে?

অতি সামান্য খরচে ঘরের হাওয়াকে জীবাণুমুক্ত ও অ্যালার্জীমুক্ত করে তুলুন। হাওয়ায় মিশে থাকা সূক্ষ্ম ধূলো, পরাগ, ধোঁয়াশা কে ছেঁকে আলাদা করে।

হাওয়ায় উড়ে বেড়ানো অদৃশ্য কণাগুলি ব্যাস PM 2.5 অর্থাৎ 2.5 মাইক্রোমিটারের কম (মানুষের চুলের বেধ এই মাপের ন্যূনতম 25 গুণ)



সেই সব অদৃশ্য কণাকেও এই ফিল্টার আটকে দেয়।

এই ফিল্টার চোখ, নাক, গলার বিভিন্ন দূষণজনিত সমস্যাকে প্রতিহত করে। শিশু ও বয়স্ক ব্যক্তিদের ক্ষেত্রে বিভিন্ন শ্বাসজনিত অ্যালার্জীকে প্রতিহত করার ক্ষমতা রাখে এই পিউরিফায়ার।

এটি A.C. তে লাগানো ও পরিষ্কার করা খুবই সহজ। এতে লাগালে Split A.C.-র আয়ু বহলাংশে বৃদ্ধি পায়।

NANO CLEAN
A.C. Air Purifire Filter
MRP @ Rs. 2500
Book 2 Get 1 Free
Helpline : MALDA # 9233 44 45 46

সরকারী নথিতে
নামের বানান ভুল নেই তো ?
এফিডেভিট | সংবাদপত্রে ঘোষণা প্রকাশ | গ্যাজেট নোটিফিকেশন
আইনি পরামর্শ ও সহযোগিতা > মাস মিডিয়া 9233 44 45 46

দুধের দাঁত তো পড়েই যাবে ভেবে ছোটদের দাঁতের যত্নে অবহেলা করবেন না

ঝকঝকে সুন্দর দাঁত পেলে হলে, শিশুকে একদম ছোট বয়স থেকেই এটির যত্ন নিতে শেখান।

শিশুদের ঝকঝকে হাসি দেখলে কার না মন ভাল হয়। সুন্দর হাসির সঙ্গে সুন্দর দাঁতের গভীর সম্পর্ক। এখনকার বাচ্চারা ছোট থেকেই জাঙ্ক ফুডে অভ্যস্ত। তার ছাপ পড়ে দাঁতেও। বাচ্চার দাঁত তখনই ভাল হবে, যদি তাকে ছোট থেকে যত্ন নিতে শেখানো যায়। রোজকার হাইজিনের সঙ্গে তাদের দাঁতের যত্ন নেওয়ারও পাঠ দিন।

দাঁত উঠলেই নজর দিন

দুধের দাঁত পড়েনি। কিন্তু দাঁতের গোড়া কালো হয়ে যাওয়া, মাঝেমধ্যে ব্যথায় ভুগছিল প্রথম শ্রেণির ছেলেটি। প্রথমে তেমন আমল দেননি বড়রা। মনে করেছিলেন, দুধের দাঁত তো এমনিই পড়ে যাবে। কিন্তু মায়ের মনে ভয়টা থেকেই গিয়েছিল। চিকিৎসকের কাছে ছেলেকে নিয়ে যান। জানা যায়, ক্যাভিটি হয়েছে। ছোটবেলায় দাঁতের ঠিক মতো যত্ন না হলে সমস্যা হতেই পারে। ১০-১২ টা দাঁতে ক্ষয়, মাড়ির সমস্যা কিন্তু একদম ছোট থেকেই দেখা যেতে পারে। চিকিৎসক পারমিতা গঙ্গোপাধ্যায়ের কথায়, "একদম ছোট বাচ্চারা কুলকুচি করতে পারে না, তাই দুধ বা যে কোনও খাবার খাওয়ার পরে ওদের একটু জল খাওয়াতে হবে। তাতে প্রাথমিক ভাবে দাঁত ধুয়ে যাবে। সন্তান আর একটু বড় হলে ফলের রস বা সিপার গ্লাসে দুধ খাওয়ার পরে কুলকুচি, শক্ত খাবারের পরে দাঁত পরিষ্কার, রাতে ঘুমোনোর আগে আর সকলে উঠে ব্রাশ করতে শেখানোটা খুবই জরুরি। উপর থেকে নীচে আবার নীচ থেকে উপর, এই পদ্ধতিতে ব্রাশ করতে হয়। তাতে দাঁতের ফাঁকে আটকে থাকা খাবার বা আঠালো কিছু থাকলে বেরিয়ে যাবে।" দুধে চিনি থাকলে তা আঠাজাতীয় হয়, এতে দাঁতে প্রভাব ফেলে। তাই দুধ বা মিষ্টি জাতীয় কিছু খাওয়ার পর কুলকুচি করলে দাঁতের স্বাস্থ্য ভাল থাকবে।

সুষম খাবারে অভ্যাস

মায়ের গর্ভেই বাচ্চাদের দাঁতের গঠন শুরু হয়। অন্তঃসত্ত্বা মায়ের পুষ্টির ঘাটতি থাকলে, জ্বর বা সংক্রমণ হলে তার প্রভাব পড়ে ভ্রূণের স্বাস্থ্যেও। তাই অন্তঃসত্ত্বা মাকেও তার খাদ্যাভাসে নজর দিতে হবে। আবার সন্তান বড় হওয়ার সময়েও বাবা-মায়ের খাওয়া দেখে শেখে। পরিবারের সকলে সুষম খাবার কেলে, সেটাই অভ্যাস হয়ে যায়। আপেল, পেয়ারার মতো ফল কামড়ে খাওয়া ভাল। একবার খাওয়া দাওয়ার পর মুখ ধোয়া, দাঁত পরিষ্কারের অভ্যেস তৈরি হয়ে গেলে, নিজেই যত্ন নিতে শিখে যাবে ছেলেমেয়েরা।

মিষ্টি থাকুক সাবধানে

বাড়িতে অতিথি এলে ছোটদের জন্য চকলেট নিয়ে আসে। অনেক সময়ে ছোট পরিবারে তা ভাগ করে খাওয়ার সুযোগও থাকে না। সেক্ষেত্রে সন্তানকে বোঝাতে হবে, চকলেট এক দিনে বেশি খাওয়া নয়। আর খেলেও তার পরে মুখটা একবার ধুয়ে নিতে হবে। "অনেক সময়েই ছোটরা কিছু খেতে না চাইলে বিস্কিট দেওয়া হয়। বাচ্চাকে জলখাবরের দুধের সঙ্গে তিন-চারটে বিস্কিট দেওয়া হয় অনেক বাড়িতেই। বিস্কিটে রিফাইনড সুগার থাকে। ফলে শুধু ক্রিম বিস্কিট, কুকিজ নয়। সাধারণ বিস্কিটেও লুকিয়ে থাকে ক্ষতিকর উপাদান। এ ক্ষেত্রেও মুখ ধোওয়াই একমাত্র সমাধান। মধু, গুড় খেলেও তাই করতে হবে," বললেন ডা. গঙ্গোপাধ্যায়। স্কুলে টিফিন খাওয়ার পর সন্তানকে কুলকুচি করতে বলবেন, নিদেনপক্ষে যেন জল খেয়ে নেয়।

এখন নানা কারনে শিশুদের শরীরের বাড়বৃদ্ধি তাড়াতাড়ি হচ্ছে। দাঁত পড়া ও ওঠার সময়ও এগিয়ে এসেছে। আর এই সময়ে চিকিৎসকের পরামর্শ নেওয়া দরকার, যাতে সমস্যা হলে গোড়াতেই আটকানো যায়। অনেকের দাঁত পড়তে বা উঠতে সময় নেয়। সন্তানের পাঁচ-ছ'বছর বয়স হলে একবার দন্তচিকিৎসকের কাছে তাকে নিয়ে গিয়ে চেকআপ করিয়ে নিলে ভাল। তার আগে যদি কোনও সমস্যা দেখা যায়, তা হলে দ্রুত যোগাযোগ করুন চিকিৎসকের সঙ্গে। ছোটদের পেস্টও কিন্তু আলাদা হয়, তাই চিকিৎসকের সঙ্গে পরামর্শ নিয়ে ওদের জন্য টুথপেস্ট নির্বাচন করুন। ব্রাশের ক্ষেত্রেও নরম ব্রিসল দেওয়া ব্রাশ দেবেন ছোটদের। সাত মাস অন্তর ব্রাশ বদলে ফেলতে হবে।

দাঁতের সঙ্গে জড়িয়ে থাকে আত্মবিশ্বাস। আর ঝকঝকে হাসি দেখতে কার না ভাল লাগে। তাই সন্তানকে ছোট থেকেই দাঁতের যত্ন নেওয়া শেখান।

— **অনুলিখন ঃ ডা. অস্মিতা দে।**

Hyper Link সহ
Digital V Card
এখন মাত্র 300 টাকায়।
(আজীবন বারবার ব্যবহারযোগ্য)
(কার্ডে আপনার পছন্দমতো 3 টি Field Active থাকবে।)
9233 44 45 46

মস্তিষ্কের পেসমেকার

মানুষের হৃদ্‌পিণ্ডের সচলতা যখন কমে যায়, তখন যান্ত্রিকভাবে সেটাকে পূর্ব অবস্থানে নিয়ে আসতে পেসমেকার ব্যবহার করা হয়। তেমনি আমাদের মস্তিষ্কের কোনও অংশ যদি ঠিকভাবে কাজ না করে, তখন মানুষের হাত-পা কাঁপে, তিনি বেশিক্ষণ দাঁড়াতে পারেন না, খেতেও সমস্যা হয়। এগুলি মূলতঃ স্নায়ুজনিত রোগ। এর ফলে অনেকে পার্কিনস'স, ডিসটোনিয়া, ট্রেমর বা এপিলেপ্সির মতো রোগে ভুগতে পারেন। মূলতঃ মস্তিষ্কের সংশিষ্ট অংশে ইলেকট্রিক্যাল ডিসচার্জ ঠিক মাত্রায় না হওয়ার ফলে দেখা দেয় এমন সমস্যা।

মেডিসিনের চিকিৎসক অরুণাংশু তালুকদার বললেন, "এই ডিসচার্জকে নিয়ন্ত্রণে আনার জন্য একটি বিশেষ যন্ত্রের মাধ্যমে ইলেকট্রিক্যাল ইমপাল্স দিতে হয়, যাকে বলে, 'ডিপ ব্রেন স্টিমুলেশন' (ডিবিএস) মস্তিষ্কের পিছন দিকে অস্ত্রোপচারের মাধ্যমে দুটো বৈদ্যুতিন তার বসানো হয়। ওই তারের দুটো সূক্ষ্ম অংশ কানের পাশ দিয়ে বার করে, চামড়ার নীচে দিয়ে এনে কলার বোন-এর নীচে বসিয়ে দেওয়া হয়। সংশ্লিষ্ট রোগীর প্রয়োজন অনুযায়ী, ওই যন্ত্রটিই পরে গোটা প্রক্রিয়াটিকে চালনা করে। ছোটবেলায় যে ভাবে দুটো তার নিয়ে ইলেকট্রিক্যাল স্পার্ক করে 'ফায়ারিং' করা হত, ঠিক তেমনই এই যন্ত্রটি চালু করে মস্তিষ্কের ইলেকট্রিক্যাল ডিসচার্জকে নিয়ন্ত্রণ করা যায়।" মেশিনটি একটি নির্দিষ্ট সময় অন্তর ওই ইলেকট্রিক্যাল ইমপাল্স তৈরি করে, ফলে শরীরের কাঁপুনি নিয়ন্ত্রণে থাকে। ডা. তালুকদারের মতে, গত ৩০-৪০ বছর ধরে এই প্রক্রিয়া নিয়ে নানা কাজ হচ্ছে এবং যে সব রোগে হাত-পা কাঁপার লক্ষণ থাকে, তা নিরাময়ের চেষ্টা চলছে। পার্কিনস'স, ডিসটোনিয়া এবং ট্রেমরের ক্ষেত্রে স্পেসিফিক নিউক্লিয়াসকে টার্গেট করা হয়। যেমন, পার্কিনস'স-এর ক্ষেত্রে মূলতঃ সাব-থ্যালামিক নিউক্লিয়াসকে আর ডিসটোনিয়ার ক্ষেত্রে গ্লোবস প্যালিডাস ইন্টারনাসকে টার্গেট করা হয়। আর ট্রেমর বা কাঁপুনির ক্ষেত্রে টার্গেট করা হয় ভেন্ট্রাল ইন্টারমিডিয়েট নিউক্লিয়াস অব থ্যালামাস (ভিম)।

এই ডিবিএস বসানোর পরে বেশ কিছু পার্শ্বপ্রতিক্রিয়া হওয়ার সম্ভাবনা থাকে বলে (এরপর ৩-এর পাতায়)

দেখছি যেমন আরশিতে

মানুষ

এইতো মানুষ লোমে ঢাকা দেহ– খায় ও গায়,
লোভ ভোগ রোগ সফরসঙ্গী তবু বড়াই;
আংশিক ত্যাগী স্বজনবিবাগী মুক্তি চায়–
সমতল ভেবে ভাঙে উৎরাই আর চড়াই।
সুখে বা অসুখে কেউ ছুঁয়ে আসে সাগর নদী,
কেউ স্নান করে পাড়ার পুকুরে বা বাথটবে;
কেউ ভালোবাসে, কারও জাহির শাসনগদি–
আখের গোছায়; কেউ অসহায় কাঁদে নীরবে।

এভাবেই ঘুরতে থাক

তোর সবুজ বুকে প্রেমের জলসেচ সারাদিন,
মেঘের ঔরস পিপাসিত বীজের ঘুম-ঘরে;
পূর্বপুরুষেরা অনেক শতাব্দী স্নানহীন–
সবার আবদার সাজিয়ে রেখেছিস থরে থরে।
তোর শরীর জুড়ে কোদাল-লাঙলের সরগম,
জন্ম সময়েই রচনা মৃত্যুর ইতিহাস–
গাছের সংসারে আমাদের শরীর ছমছম,
অহংকার নেই, তোকেই ভালোবাসে মহাকাশ।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

জুলাই — ২০২৫

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
01.07.2025	04:51 ↑ (114°)	18:31 ↑ (246°)
02.07.2025	04:51 ↑ (114°)	18:31 ↑ (246°)
03.07.2025	04:52 ↑ (114°)	18:31 ↑ (246°)
04.07.2025	04:52 ↑ (114°)	18:31 ↑ (246°)
05.07.2025	04:52 ↑ (114°)	18:31 ↑ (245°)
06.07.2025	04:53 ↑ (115°)	18:31 ↑ (245°)
07.07.2025	04:53 ↑ (115°)	18:31 ↑ (245°)
08.07.2025	04:54 ↑ (115°)	18:30 ↑ (245°)
09.07.2025	04:54 ↑ (115°)	18:30 ↑ (245°)
10.07.2025	04:54 ↑ (115°)	18:30 ↑ (245°)
11.07.2025	04:55 ↑ (115°)	18:30 ↑ (245°)
12.07.2025	04:55 ↑ (115°)	18:30 ↑ (245°)
13.07.2025	04:56 ↑ (115°)	18:30 ↑ (245°)
14.07.2025	04:56 ↑ (115°)	18:29 ↑ (245°)
15.07.2025	04:57 ↑ (115°)	18:29 ↑ (245°)
16.07.2025	04:57 ↑ (115°)	18:29 ↑ (245°)
17.07.2025	04:57 ↑ (115°)	18:29 ↑ (245°)
18.07.2025	04:58 ↑ (115°)	18:28 ↑ (245°)
19.07.2025	04:58 ↑ (115°)	18:28 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

● কায়স্থ 29/5′1′′ M.A., B.Ed., Retd. গভঃ ব্যাঙ্ক ম্যানেজারের একমাত্র কন্যার জন্য সঃ চাকুরীজীবি সুপাত্র কাম্য। M - 74775 06101. OTS-1711

● মালদা নিবাসী রাঃ সঃ চাকুরে, অল্প দিনের ডিভোর্সী পাত্রীর জন্য উপযুক্ত পাত্র কাম্য। M - 9732817404 (রাত 7 - 10). OL-3704

● মালদা নিবাসী, ব্রাহ্মণ 22/5′ B.B.A. (ব্যাঙ্গালোর), একমাত্র সন্তান, নৃত্যে Gold Medalist, পণ বিরোধী পাত্রীর জন্য উপযুক্ত পাত্র চাই। অভিভাবক যোগাযোগ করুন। M - 7602451991. HUF-1593

● পাত্রী ক্ষত্রিয়, জেনারেল 41/5′5′′ M.A., শ্যামবর্ণা, কলেজ টিচার (SACT)। চাকুরীজীবি / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। মালদা অগ্রগণ্য। M - 9832851187. OL-3729

● H.S. শিক্ষিকা (গভঃ এইডেড), S.C. 39+/5′3′′ ডিভোর্সী পাত্রীর সঃ চাঃ / ব্যবসায়ী, নেশাহীন পাত্র কাম্য। M - 62977 14341. HUF-1542

● তিলি 25+/5′2" স্নাতক, একমাত্র কন্যা সুশ্রী, ফর্সা পাত্রীর উপযুক্ত চাকুরে / ব্যবসায়ী পাত্র কাম্য। অসবর্ণ চলিবে। M - 6297542712 / 9475935015. HUF-1516

● তন্তুবায় 35+ M.A., B.Ed, সুশ্রী পাত্রীর জন্য কেঃ সঃ / রাঃ সঃ উচ্চপদস্থ অফিসার, ব্যাঙ্ক, রেলকর্মী, স্কুল শিক্ষক, প্রফেসর, ডাক্তার, ইঞ্জিনিয়ার 42 মধ্যে পাত্র চাই। M - 7679424009. HUF-1549

● চৌধুরী (কায়স্থ) 28/5′2′′ M.A. (English), প্রাইভেট কোম্পানীতে চাকুরীরতা ফর্সা পাত্রীর জন্য শিক্ষিত সরকারী চাকুরে সুপাত্র কাম্য। M - 9933640013 / 80166 76804 (12 Noon - 9 P.M.). OL-3698

বৈশ্য সাহা 29+/5′3′′ M.A. (Eng. H.), D.EL.Ed, ফর্সা, সুশ্রী পাত্রীর জন্য সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী, নেশাহীন সুযোগ্য পাত্র চাই। M - 94344 21315. HUF-1560

কর্মকার 26+/5′6′′ Retd. H.S. শিক্ষকের কন্যা M.Sc. (Math.), B.Ed., ফর্সা, সুশ্রী, স্লিম। দাদা M.B.B.S. ডাক্তার, পাত্রীর জন্য ডাক্তার / অধ্যাপক / উচ্চ পদস্থ সঃ চাঃ, সম্ভ্রান্ত পরিবারের উপযুক্ত সুপাত্র কাম্য। KST-1868 **M - 84365 17607**

পাত্র চাই

● বৈশ্য সাহা 31/5′3′′ B.Tech., সরকারী কর্মচারী (Central Govt.)। সরকারী / বেসরকারী, B.Tech. উপযুক্ত পাত্র চাই। M - 8944937447. HUF-1586

● চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed, Pol. Sc. (H), প্রাইমারী শিক্ষিকা, শ্যামবর্ণা পাত্রীর সরকারী চাকুরে / শিক্ষক / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 9434730035 (7 P.M. - 10 P.M.). HUF-1540

● ব্রাহ্মণ, শান্ডিল্য 28/5′7′′ M.A., B.Ed, সুশ্রী, ফর্সা, একমাত্র কন্যা, গান জানা, বেঃ সঃ স্কুলে কর্মরতা পাত্রীর উপযুক্ত ব্রাহ্মণ পাত্র চাই। M - 9609035083. HUF-1555

● বসাক 33/5′ M.A. (Hist.), প্রাইভেট স্কুলের শিক্ষিকা, একমাত্র কন্যা। প্রতিষ্ঠিত, No Demand মালদা নিবাসী পাত্র চাই। M - 9734054179. HUF-1539

● কায়স্থ নন্দী 26+/5′4" ফর্সা, সুশ্রী, B.A. (Hons.), Edu., D.EL.Ed টেট পাস পাত্রীর জন্য মালদা নিবাসী সরকারী চাকুরে জেনারেল পাত্র চাই। M - 9679022756. OL-3739

● ব্রাহ্মণ (চক্রবর্তী) 27/5′1′′ B.Sc. (Math.), B.Ed, সুশ্রী, একমাত্র কন্যার জন্য অনূর্ধ্ব 32, ব্রাহ্মণ, স্থায়ী সঃ চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। মালদা শহর অগ্রগণ্য। M - 9382696490 / 96790 45886. OL-3725

● চাঁই মন্ডল 26/5' B.A. (English), B.Ed, M.Ed, সুশ্রী, ফর্সা পাত্রীর জন্য উপযুক্ত সঃ / উচ্চ অসঃ, সুদর্শন, অনূর্ধ্ব 33 পাত্র কাম্য। যোগাযোগ - 9932979545. OL-3676

● পূঃ বঃ সাহা 34/5′3′′ মালদায় আপার প্রাইমারি H.S. শিক্ষিকা, M.A., B.Ed. (সংস্কৃত) পাত্রীর জন্য সঃ চাকুরে / শিক্ষক / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সঃ / উচ্চ অসঃ স্থানীয় পাত্র কাম্য। M - 9593810092 / 70015 02778. HUF-1570

EB, 30/5′2′′ ফর্সা, সুশ্রী, রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে ম্যানেজার, 13L P.A. পাত্রীর জন্য সুপ্রতিষ্ঠিত উপযুক্ত পাত্র কাম্য। উচ্চ অসবর্ণ চলিবে। M - 96413 97513 / 98517 00490. OL-3736

পরবর্তী

বিতরিত হবে 19 জুলাই, 2025, শনিবার। বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ 14 জুলাই, 2025, সোমবার, সন্ধ্যা 7 টার মধ্যে।

পাত্রী চাই

● কায়স্থ দাস 39/5′5′′ সরকারী চাকুরীজীবি (একমাত্র পুত্র)। শিক্ষিকা / সঃ চাঃ পাত্রী কাম্য। M - 8759573703. OL-3731

● মালদা শহর নিবাসী বৈশ্য সাহা 36/5′11′′ উচ্চ প্রাথমিক শিক্ষক। অনূর্ধ্বা 30, সুন্দরী পাত্রী কাম্য। M - 9547599109. OL-3732

● কায়স্থ (দত্ত) 32/5′8′′ স্নাতক, বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত পাত্রের ঘরোয়া, সুন্দরী পাত্রী চাই। M - 9735558792. HUF-1567

● পাল 29/5′3′′ B.Tech, বেঃ সঃ চাঃ (ব্যাঙ্গালোর) পাত্রের ফর্সা, সুন্দরী, 24 - 26 মধ্যে চাকুরীরতা পাত্রী কাম্য। M - 86178 66162. HUF-1604

● কায়স্থ 31/5′4′′ ব্যবসায়ী পাত্রের জন্য ফর্সা, ঘরোয়া, 22 - 27 মধ্যে সুপাত্রী কাম্য। M - 7063133900. HUF-1583

● পূর্ববঙ্গীয় ঘোষ 29/5′9′′ বেঃ সঃ চাকুরে, 4 Lac P.A. পাত্রের উপযুক্ত ঘোষ পাত্রী কাম্য। অসবর্ণ চলবে। M - 9434488932. OL-3734

● নাগর মন্ডল 35/5′9′′ MBA, প্রাইভেট সংস্থায় কর্মরত (কোলকাতা) পাত্রের জন্য ফর্সা, সুশ্রী, ঘরোয়া, স্নাতক 29/5′2′′ সুপাত্রী কাম্য। M - 9007566776. HUF-1551

● ক্ষত্রিয় 40/5′5′′ মাধ্যমিক, বিজ্ঞাপন সংগ্রহকারী, শহরে নিজ বাড়ী, পিতা হাইস্কুল শিক্ষক। ঘরোয়া, ফর্সা, 30 - 38 মধ্যে পাত্রী চাই। M - 9474655791. HUF-1589

● তন্তুবায় 40/5′5′′ বি.এ. অনার্স, একমাত্র পুত্র, ব্যবসায়িক, স্বাবলম্বী, একমাত্র বোন বিবাহিতা। উপযুক্ত পাত্রী চাই। দাবিহীন। M - 9679011785. HUF-1559

● সাহা 29+/5′7′′ B.Sc., Botany Hons., B.El.Ed., অঙ্কণ শিক্ষক পাত্রের 19 - 25 ফর্সা, সুশ্রী, শিক্ষিতা (H.S. / স্নাতক) সুপাত্রী কাম্য। M - 9609376678. HUF-1590

● কায়স্থ দাস 30/5′9′′ B.Tech, Deloitte (কোলকাতা) কর্মরত, মালদা নিবাসী পাত্রের জন্য উপযুক্ত শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9933703418. HUF-1558

● কায়স্থ চৌধুরী 37/5'10" M.A. (English), গভঃ কনট্রাক্টর, মালদা নিবাসী, নিজ বাসভবন। উপযুক্ত সুন্দরী পাত্রী চাই। জেনারেল কাস্ট চলবে। M - 9775801364. HUF-1532

● মালদা নিবাসী 35/5'9" প্রাঃ শিক্ষক, একমাত্র পুত্র (নামমাত্র বিবাহে ডিভোর্সী) পাত্রের জন্য সুন্দরী, শিক্ষিতা, অনূর্দ্ধা 30-এর মধ্যে অবিবাহিত পাত্রী চাই। M - 70016 91323. OL-3740

বৈষ্ণব 35/5' H.S. পাশ, ডিভোর্সী, প্রতিষ্ঠিত পাত্রের জন্য ঘরোয়া সুপাত্রী কাম্য। ইস্যুহীন ডিভোর্সী চলবে। M - 97328 06563. OL-3682

ঘোষ 28/5′11′′ উচ্চ মাধ্যমিক পাশ, প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্রের ঘরোয়া, ফর্সা, সুন্দরী কমপক্ষে স্নাতক সুপাত্রী কাম্য। M - 97350 68006. OL-3735

ভাড়া / লীজ

সুমঙ্গল লজের পিছনে মিরাজিৎ অ্যাপার্টমেন্টে 2 BHK (দোতলা), নবনির্মিত ফ্ল্যাট ভাড়া দিব। M - 98326 80243. HUF-1606

1 BHK and 2 BHK দুটো বাড়ি ভাড়া আছে। ফুল সেপারেট। কানির মোড়। M - 97759 65258. OL-3737

মালদা শহরে অভিরামপুরে (ডাঃ মৈনাক সেন-এর চেম্বারের পাশে) দোতলা বাড়ি নির্মাল্যর নিচের তলায় দুটি বড় বেডরুমযুক্ত বাড়ি ভাড়া দেওয়া হবে। M - 94740 34200. OL-3721

1 BHK বাড়ি ভাড়া দেওয়া হবে। সম্পূর্ণ Separate, হিন্দু সরকারী চাকুরীজীবি অগ্রগণ্য। ভাড়া - 6000/- বিনয় সরকার রোড। M - 98995 66292. HUF-1599

রাধে রাধে সনাতনী আধ্যাত্মিক গোষ্ঠীর ধর্মপ্রাণ সদস্যদের ভজন-সংকীর্তনের জন্য মালদা শহরের গোলাপট্টি, বালুচর, পুড়াটুলী অগ্রগণ্য আনুমানিক 1000 বর্গফুটের হলঘর / ফ্ল্যাট স্বল্প ভাড়ায় প্রয়োজন। সনাতনী মালিক পক্ষ যোগাযোগ করুন। যোগাযোগ - 92334 44546. HUF-Self

টিউশন / কোচিং

● বেসিক লেবেল থেকে ইংরেজি শেখানো হয় গ্রামার ও ট্রান্সলেশন সহ। ক্লাস I to VIII, 10 বছর অভিজ্ঞতাসম্পন্ন। M - 90648 33060. HUF-1548

● পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে পলিটেক্‌নিক, সপ্তম - দ্বাদশ (সমস্ত বোর্ড) অঙ্ক করাচ্ছেন পাল স্যার। 9932239094. KST-1846

Mathematics Private Tutor (5 - 10) All Boards. M - 70018 22996. HUF-1601

Biology Batch / Home Tuition (8 - 12) All Boards. M - 70638 48173. OL-3711

Future Guide এখন মালদায়
মেডিক্যাল রিপ্রেজেনটেটিভ চাকুরির ট্রেনিং-এর জন্য বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান
স্নাতক পাশের পরে ৩ মাসের কোর্স
বিস্তারিত জানতে যোগাযোগ করুন — **মো ঃ 75016 95124.** OL-3694

ক্রয়

● মালদা শহরে উপযুক্ত পরিবেশে বাড়ি করার উপযোগী দেড় থেকে দুই কাঠা বাস্তু জমি কিনতে ইচ্ছুক। প্রকৃত বিক্রেতারা যোগাযোগ করুন। দালাল নিষ্প্রয়োজন। মোবাইল নম্বর - 8240625493. OL-3697

বিক্রয়

● কোঠাবাড়ী জনকল্যাণ সমিতির কাছে 1.75 কাঠা জায়গা সমেত একতলা বাড়ি বিক্রয়। M - 7407196021. HUF-1607

For SALE
Room available commercial purpose any distributorship. Gour Road, near Ujjwal Medicine. M - 9733965825. HUF-1600

● এয়ারভিউ কমপ্লেক্সে (ITI মোড়ের নিকটবর্তী) সুন্দর পরিবেশে 2 কাঠা প্লট বিক্রয়। এজেন্ট নিষ্প্রয়োজন। M - 89069 09070. HUF-1605

● আমজামতলায় 12 কাঠা বসতযোগ্য আমবাগান বিক্রয়। কমপক্ষে 2 কাঠা কেটে দেওয়া যাবে। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। M - 6296693075. HUF-1602

● আর. কে. মিশন রোডে ডাফোডিলস্ স্কুলের নিকট দেড় কাঠা জমির উপর তেতলা বাড়ি বিক্রয়। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন, Agent নয়। M - 8918480694. HUF-1603

দেশবন্ধুপাড়া অগ্নিশিখা ক্লাবের গলিতে 1.5 কাঠা জায়গা অতি সত্ত্বর বিক্রয়। দালাল নিষ্প্রয়োজন। M - 81163 12464. HUF-1598

সাহাপুর ছাতিয়ান মোড়ে হাই স্কুলের পিছনে 1 কাঠা জমি অতি সত্ত্বর বিক্রয়। দালাল নিষ্প্রয়োজন। M - 97332 01398. HUF-1574

চিত্তরঞ্জন মার্কেটের উপরে দোতলায় এম এম জি রেস্টুরেন্টের নীচে, রুম নম্বর - 2, 56.5 sq.ft. একটি দোকান ঘর বিক্রি আছে। M - 98515 62223. HUF-3680

বিবেকানন্দপল্লীতে চার কাঠা জায়গার উপর দোতলা বাড়ি (আমগাছ ও বাগানসহ) সত্ত্বর বিক্রয়। মিউটেশন এবং হোল্ডিং ট্যাক্স আপডেট রয়েছে। প্রকৃত ক্রেতারা যোগাযোগ করুন। দালাল নহে। WApp/ফোন - 80177 28901. OL-3728

ফ্ল্যাট বুকিং চলছে
অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় **"HINDOL" Apartment**-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে **B+G+6 Multi Storied Residential Building**-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্ত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - **WBRERA/P/MAL/2025/002401.**
Website : **www.rera.wb.gov.in**
Mobile No. **97341 02876 / 96478 01310**

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক 50 টি অক্ষর মাত্র 100 টাকার বিনিময়ে। সাথে khonj.live ওয়েবসাইটে বিনামূল্যে 30 দিনের জন্য পোস্ট করুন। WApp - 9233 44 45 46.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

— সম্পাদক / প্রকাশক।

কর্মখালি

রবীন্দ্র এভিনিউতে অভিজাত শাড়ির দোকানে সেলস কাউন্টারে অভিজ্ঞ এবং ফ্রেসার সেলস বয় / সেলস গার্ল চাই। সত্বর যোগাযোগ। M - 9593440936. OL-3733

সুপ্রতিষ্ঠিত পাইকারী ঔষধের দোকানে কম্পিউটার চালানোর জন্য দক্ষ / অভিজ্ঞ কর্মীর প্রয়োজন। বেতন যোগ্যতা অনুসারে। M - 97359 63246. HUF-1588

ITC কোম্পানীর মালদা জেলা শাখার জন্য "মার্কেট ডেভেলপমেন্ট অফিসার" পদে ন্যূনতম 2 থেকে 3 বছরের মার্কেটিং কাজে অভিজ্ঞতাসম্পন্ন স্নাতক ও কম্পিউটার জানা কর্মী প্রয়োজন। উপযুক্ত প্রার্থীরা যোগাযোগ করুন। M - 99339 07758. OL-3724

Sreeleathers
মালদা শো-রুমে
সেলসম্যান
নেওয়া হবে। বয়স 30 মধ্যে।
Bio-Data হোয়াটস্‌অ্যাপ / ইমেল করুন অথবা সরাসরি শো-রুমে জমা করুন।
যোগাযোগের সময় - 10 A.M. - 2 P.M.
এন.এস. রোড, পুলিশ ক্লাব বিল্ডিং, মালদা - ৭৩২১০১
WhatsApp / Call
94764 44731 / 89263 10737
maldafootwarespvt.ltd@gmail.com

Teacher Required for C.B.S.E. School (English Medium) Subject Math / Physics with Sound knowledge. Contact within 7 days after publishing of the advertisement. Contact - 97321 55444 / 96358 73978. OL-3722

চিকিৎসা

পার্শ্ব প্রতিক্রিয়াহীন। স্বল্প ব্যয়ে চিকিৎসা
ডাঃ স্বরূপ সরকার
B.H.M.S., M.D. (W.B.U.H.S.), CONSULTANT HOMEOPATHIC PHYSICIAN
Ex-House Physician at M.B.H. Medical College & Hospital (Govt. of W.B.)
Ex-Lecturer at B.V.H.M.C. Sainthia, Birbhum.
চেম্বার ঃ- উত্তর সিঙ্গাতলা, তিতাস ক্লাবের কাছে, মালদা। **M : 90836 16188**
Mon to Sat :- 11:00 A.M. to 2:00 P.M. & 6:30 P.M. to 8:30 P.M., Sunday Closed.
বৃক্কে পাথর | হাঁপানি | মাইগ্রেন | আর্থ্রাইটিস
ফ্যাটি লিভার | ইউরিক অ্যাসিড | বিভিন্ন চর্মরোগ
জরায়ু / ডিম্বাশয়ে টিউমার | মহিলাদের জটিল রোগ
নানাবিধ পুরানো রোগ

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

বিবেকবাণী

❖ ওঠো, জাগো এবং লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থেমো না।

❖ ইচ্ছাশক্তিই জগৎকে পরিচালনা করে থাকে।

❖ কোনও বড় কাজই কঠোর পরিশ্রম ও কষ্ট স্বীকার ছাড়া হয়নি।

❖ সারাদিন চলার পথে যদি কোনও সমস্যার সম্মুখীন না হও, তাহলে বুঝবে তুমি ভুলপথে চলেছ।

❖ এমন কাজ করে চলো যে তুমি হাসতে হাসতে মরবে আর জগৎ তোমার জন্য কাঁদবে।

❖ আমি বিশ্বাস করি যে, কেউ কিছু পাওয়ার উপযুক্ত হলে জগতের কোনও শক্তিই তাকে বঞ্চিত করতে পারে না।

❖ যখন আমাদের মধ্যে অহঙ্কার থাকে না, তখনই আমরা সবথেকে ভালো কাজ করতে পারি, অপরকে আমাদের ভাবে সবচেয়ে বেশি অভিভূত করতে পারি।

❖ মনের মতো কাজ পেলে অতি মূর্খও করতে পারে। যে সকল কাজকেই মনের মতো করে নিতে পারে, সেই বুদ্ধিমান। কোনও কাজই ছোট নয়।

❖ যা পারো নিজে করে যাও, কারও ওপর আশা বা ভরসা কোনওটাই কোরো না।

❖ কাজ কর নির্ভীকভাবে। এগিয়ে চল সত্য আর ভালবাসা নিয়ে।

চিকিৎসা

জয় মা
কলিকাতার প্রখ্যাত জ্যোতির্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ৭৫১/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

জ্যোতিষ চর্চা

❖ শিক্ষা হচ্ছে মানুষের মধ্যে ইতিমধ্যে থাকা উৎকর্ষের প্রকাশ।

❖ সাহসী লোকেরাই বড় বড় কাজ করতে পারে।

❖ উঁচুতে উঠতে হলে তোমার ভেতরের অহঙ্কারকে - বাহিরে টেপে বের করে আনো, এবং হালকা হও — কারণ তারাই ওপরে উঠতে পারে যারা হালকা হয়।

❖ মস্তিস্ককে উচ্চমানের চিন্তা ভাবনা দিয়ে পূর্ণ কর, দিবারাত্র এগুলোকে তোমার সামনে রেখে চল, এগুলোর থেকে মহান কাজ বেরিয়ে আসবে।

❖ যেরকম বীজ আমরা বুনি, সেরকমই ফসল আমরা পাই। আমরাই আমাদের ভাগ্য তৈরি করি, তার জন্য কাউকে দোষারোপ করার কিছু নেই, কাউকে প্রশংসা করারও কিছু নেই।

সাংসারিক গাইড

❖ রাতের দিকে বেসিনের পাইপের মুখে মাঝে মাঝে আধ কাপ মত ভিনেগার ঢেলে দিয়ে রাখুন। সকালে দু'মগ জল ঢেলে দিলেই বেসিনের পাইপ পরিষ্কার থাকবে।

❖ সিঙ্কের মুখ বন্ধ হয়ে গেলে লবন ফুটিয়ে সিঙ্কের মুখে ঢেলে দিন। পরিষ্কার হয়ে যাবে।

❖ বালতি বা ড্রাম ফুটো হয়ে গেলে ঐ জায়গা পরিষ্কার করে শুকিয়ে নিয়ে ধুনো গুঁড়ো করে নারকেল তেল ও সাবান মিশিয়ে মিশ্রণটি লাগান, ফুটো বন্ধ হয়ে যাবে।

❖ আস্ত ধনেতে পোকা ধরেছে বলে ফেলে দেবেন না। ঘন্টা খানেক ভিজিয়ে রেখে মাটিতে ছড়িয়ে দিন। ধনে পাতার চাষ হবে আপনার বাগানে।

❖ দই যদি নষ্ট হয়ে যায় তো ফেলে দেবেন না। বাড়িতে কারি পাতার গাছ থাকলে তার গোড়ায় মাটিতে দিন। এতে পাতার তেজ ও সুগন্ধ দুই-ই বাড়বে।

❖ অ্যাকোরিয়ামের জল ফেলে দেবেন না। গাছের গোড়ায় দিন। সার হিসেবে চমৎকার কাজ করবে।

❖ কাজুবাদাম ব্যবহারের সময় খোসাটা ফেলে দেওয়া হয়। ঐ ফেলে দেওয়া খোসাই গোলাপ গাছের সেরা সার।

❖ ব্যবহৃত চা-পাতা ফেলে না দিয়ে ভাল করে রোদে শুকিয়ে নিন। এইভাবে ঐ চা' পাতা ধুনোর বদলে ব্যবহার করুন। শুকনো চা' পাতা পোড়ানো ধোঁয়ায় ঘরের সমস্ত মশা, মাছি পালিয়ে যাবে।

❖ মশা তাড়াবার একটা সহজ উপায় হল, কয়েক টুকরো কর্পূর আধকাপ জলে ভিজিয়ে খাটের নীচে রেখে দিন। তারপর নিশ্চিন্তে ঘুমান।

❖ কয়লা বা কাঠ-কয়লার আগুনে নিমপাতা পড়লে যে ধোঁয়া হবে তাতে সবংশে মশা পালাবে।

বিনামূল্যে বিতরণ কেন্দ্র
অনলাইনে পড়ুন - aamaarshahor.com
❖ রথবাড়ী (অডিটোরিয়াম), নিউ মডেল বুক ডিপো - **98514 87741**
❖ কবি সুকান্ত মোড়, রূপা ব্যান্ড বক্স - **99324 81754** ❖ এন.বি.এস. টি.সি. ডিপো সংলগ্ন, চক্রবর্তী পেপার সাপ্লায়ার - **99339 93660**
❖ রাজ হোটেল মোড়, মডেল বুক ডিপো - **94342 31832** ❖ অতুল মার্কেট, মা তারা ম্যাগাজিন - **77979 19580** ❖ রামকৃষ্ণপল্লী, এসবিআই-এর কাছে, সাইবার ফিভার - **89263 09911**
❖ ফুলবাড়ি, এম. কে. রোড, স্মার্ট নেট - **94346 81146**
❖ মকদুমপুর, রথঘর-এর বিপরীতে, মাস মিডিয়া - **9732155526**
❖ আইহো বাস স্ট্যান্ড, গীতা পুস্তকালয় - **94744 75342.**

বাড়িতে বসে বিজ্ঞাপন দিন WhatsApp 97754 54577-নম্বরে।

মোটা মাইনের চাকরি পেতে সিজিএল-ই লক্ষ্য

এই সময়: ২০২৫ সালের স্টাফ সিলেকশন কমিশন কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার জন্য নতুন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এই নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে মোট ১৪,৫৮২টি শূন্যপদ পূরণ করা হবে। আগ্রহী প্রার্থীরা ৯ জুন ২০২৫ থেকে ৪ জুলাই ২০২৫ পর্যন্ত অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন SSC-র অফিসিয়াল ওয়েবসাইটে। স্টাফ সিলেকশন কমিশন কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষা ভারত সরকারের বিভিন্ন দপ্তরে কর্মী নিয়োগের জন্য একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা। এই পরীক্ষা ভারতের গ্র্যাজুয়েট স্তরের নাগরিকদের জন্য আঞ্চলিক, জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সরকারী চাকরির সুযোগ সুবিধা প্রদান করে থাকে। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিভিন্ন মন্ত্রক, বিভাগ এবং সংস্থাগুলিতে গ্রুপ বি, গ্রুপ সি আওতাধীন বিভিন্ন পদে নিয়োগের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা।

অ্যাসিস্ট্যান্ট ইন মিনিস্ট্রিজ
কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকে সহকারী হিসেবে কাজ করবেন। এখানে দায়িত্বের মধ্যে নথি পরিচালনা, অফিস সংক্রান্ত কাজ এবং ডাটা সংরক্ষণ অন্তর্ভুক্ত থাকে।

ইনস্পেক্টর (কাস্টমস অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ)
কাস্টমস এবং সেন্ট্রাল এক্সাইজ বিভাগের অধীনে পণ্য এবং সেবা সংক্রান্ত পরিদর্শন।

জুনিয়র স্ট্যাটিক্যাল অফিসার
পরিসংখ্যান সম্পর্কিত কাজ, তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করা।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট: আয়কর বা সেন্ট্রাল এক্সাইজ বিভাগে কর্মরত থাকবে। অডিটর: সরকারি ও বেসরকারি দপ্তরে হিসেব পরীক্ষা এবং হিসেব সম্পর্কিত কাজ।

▶ শিক্ষাগত যোগ্যতা: প্রার্থীর একটি সরকারি বা অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।

▶ বয়সসীমা: মোটামুটিভাবে, একজন প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে থাকতে হবে, তবে বিভিন্ন পদ অনুযায়ী বয়সসীমা আলাদা হতে পারে। বয়সের গণনা ১ জানুয়ারির থেকে করা হয়। তবে বয়সের ক্ষেত্রে বিভিন্ন ক্যাটিগরির জন্য ছাড় দেওয়া হয়। প্রার্থীদের বাছাই করার জন্য সিজিএল পরীক্ষাটি দ্বি-স্তরের পরীক্ষা হিসেবে পরিচালিত হবে।

▶ টিয়ার ওয়ান: টিয়ার-১ পরীক্ষাটি কম্পিউটার বেসড মোড-এ হয়ে থাকে। এসএসসি সিজিএল: টিয়ার-১ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হয়। টিয়ার-১ পরীক্ষায় ১০০টি প্রশ্ন থাকে। প্রতিটি প্রশ্নের জন্য ২ নম্বর থাকে। টিয়ার-১ পরীক্ষার মোট নম্বর ২০০। পরীক্ষায় অন্তর্ভুক্ত বিষয়গুলি হল ইংরেজি, জেনারেল অ্যাওয়ারনেস, রিজনিং এবং ম্যাথমেটিক্স। এসএসসি সিজিএল টিয়ার-১ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এসএসসি সিজিএল টিয়ার-২ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

▶ টিয়ার টু: সিবিটি (কম্পিউটার ভিত্তিক পরীক্ষা মোডে) টিয়ার-২ পরীক্ষায় ৩টি পেপার থাকে। প্রথম পত্র সকল প্রার্থীর জন্য বাধ্যতামূলক, দ্বিতীয় এবং তৃতীয় পত্র নির্দিষ্ট পদের জন্য রয়েছে। দ্বিতীয় পত্রটি জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (জেএসও)-এর আবেদনকারীদের জন্য এবং তৃতীয় পত্রটি নির্বাচিত সহকারি অডিট অফিসার বা সহকারি প্রার্থীদের জন্য।

যে কোনও ধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি নেওয়ার জন্য সঠিক সিলেবাসকে বোঝা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরীক্ষার প্রস্তুতির জন্য টাইম ম্যানেজমেন্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোন সময়ে ঠিক কতটুকু পড়া দরকার, কোন বিষয়ে কতটা সময় দেওয়া উচিত, এগুলি নিধারণ করে নিতে হবে। একদিকে যেমন অবকাশ সময় রাখা জরুরি, তেমনি কঠোর সময়সূচি অনুসরণ করাও দরকার। ধারাবাহিকতা এবং দৃঢ় সংকল্প আপনাকে সর্বদা আপনার কাঙ্খিত লক্ষ্যে নিয়ে যাবে। প্রতি বছর হাজার হাজার চাকরি প্রার্থী এই পরীক্ষায় সফল হয়ে নিজেদের স্বপ্ন পূরণ করছেন তা হলে আপনিই বা করতে পারবেন না কেন?

তথ্য সহায়তা: এইউ সেন্টার ফর লাইফ লং লার্নিং

এসএসসি সিজিএল টিয়ার ২ পরীক্ষার প্যাটার্ন

পেপার ১	বিভাগ	মডিউল	বিষয়	প্রশ্নের সংখ্যা	মার্কস	গুরুত্ব	সময়কাল
সেশন- I	বিভাগ I	মডিউল-I	গাণিতিক ক্ষমতা	৩০	৯০	২৩%	১ ঘন্টা
		মডিউল-II	যুক্তি এবং সাধারণ বুদ্ধিমত্তা	৩০	৯০	২৩%	
	বিভাগ II	মডিউল-I	ইংরেজি ভাষা এবং বোধগম্যতা	৪৫	১৩৫	৩৫%	১ ঘন্টা
		মডিউল-II	জেনারেল অ্যাওয়ারনেস	২৫	৭৫	১৯%	
সেশন- II	বিভাগ III	মডিউল-I	কম্পিউটার জ্ঞান পরীক্ষা	২০	৬০	যোগ্যতা অর্জন	১৫ মিনিট
		মডিউল-II	ডেটা এন্ট্রি স্পিড টেস্ট	একটি ডেটা এন্ট্রি টাস্ক		যোগ্যতা অর্জন	১৫ মিনিট
পেপার ২			পরিসংখ্যান	১০০	২০০		২ ঘন্টা
পেপার ৩			অর্থ ও অর্থনীতি	১০০	২০০		২ ঘন্টা

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

ডায়াবেটিকরা সাবধান !

সতর্কভাবে না চললেই ফাঁদে পড়তে পারেন

ডায়াবেটিস রোগকে হালকা ভাবে নিলেই বিপদ! কারণ এই রোগের থেকে আরও অনেক ধরনের শারীরিক সমস্যা মাথা চাড়া দিতে পারে। বিশেষ করে ডায়াবেটিক রেটিনোপ্যাথির মতো রোগ হলে তো চোখের বারোটা বাজতে সময় লাগে না। এক্ষেত্রে দৃষ্টিশক্তি কমে যাওয়ার মতো ঘটনা ঘটে। তাই সাবধান! গত কয়েক দশকে এদেশে যে যে ননকমিউনিকেবল ডিজিজের প্রকোপ বেড়েছে, তার মধ্যে অন্যতম হল ডায়াবেটিস। পরিসংখ্যানের দিকে নজর ফেরালে কপালের ভাঁজটা যে আরও চওড়া হতে বাধ্য, তা তো বলাই বাহুল্য। বর্তমানে ভারতকে বিশ্বের ডায়াবেটিস ক্যাপিটাল বলা হয়। সমীক্ষা বলছে, সারা বিশ্বের মোট ডায়াবেটিস রোগীদের মধ্যে প্রায় ১৭ শতাংশের বাস আমাদের দেশেই। এখানেই শেষ নয়, বিশেষজ্ঞদের চিন্তা বাড়াচ্ছে আরেকটি সমীক্ষা। তাতে এমনটা দাবী করা হয়েছে যে ২০৪৫ সালের মধ্যে প্রায় ১৩৫ মিলিয়ন ভারতীয় এই রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কা রয়েছে। আমাদের রাজ্যের মানুষদের মধ্যেও কিন্তু গত কয়েক বছরে এই রোগের প্রকোপ বেশ চোখে পড়ার মতো বৃদ্ধি পেয়েছে। আপনি বা আপনার পরিবারের কেউ কি এই দলে রয়েছেন? উত্তর যদি হ্যাঁ হয়, তাহলে সময় থাকতে থাকতে সাবধান হতে হবে। না হলে কিন্তু সর্বনাশ! কারণ, একথা আজ প্রায় সকলেরই জানা আছে যে ডায়াবেটিস রোগের হাত ধরে আরও অনেক ধরনের শারীরিক সমস্যায় আক্রান্ত হওয়ার আশঙ্কা থাকে, যার মধ্যে অন্যতম হল ডায়াবেটিক রেটিনোপ্যাথি। কী এই ডায়াবেটিক রেটিনোপ্যাথি রোগ ? দিনের পর দিন যদি রক্তে সুগার লেভেল নিয়ন্ত্রণে না থাকে, তাহলে রেটিনায় রক্ত সরবরাহকারী ব্লাড ভেসেলগুলি মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়। যার জেরে দৃষ্টিশুক্তি কমতে শুরু করে। ভয়ের বিষয় হল, অধিকাংশ ক্ষেত্রেই রোগী প্রথম দিকে বুঝতেই পারেন না যে তাঁর দৃষ্টিশক্তি ক্ষতিগ্রস্থ হচ্ছে। যখন লক্ষণ বাড়তে শুরু করে, তখন অনেকটাই দেরি হয়ে যায়। প্রসঙ্গত, সময় থাকতে থাকতে যদি এই রোগকে আটকে দেওয়া না যায়, তাহলে এক সময়ে গিয়ে ব্লাড ভেসেলগুলি থেকে রক্তক্ষরণ হওয়ার আশঙ্কা থাকে, যা থেকে আংশিক বা সম্পূর্ণ দৃষ্টিশক্তি চলে যেতে পারে। এই কারণেই তো ডায়াবেটিক রোগীদের কিছু সময় অন্তর অন্তর মনে করে ব্লাড সুগার লেভেল চেক করতে হবে।

পেসমেকার

(চতুর্থ পাতার পর)

কখন সাবধান হবেন?

- ✤ হঠাৎ বুকে যন্ত্রণা।
- ✤ হাঁটলে ব্যথা কিন্তু বিশ্রামে উধাও।
- ✤ বুক ধড়ফড়।
- ✤ বুকের সঙ্গে পিঠে ও হাতে ব্যথা ছড়ায়।
- ✤ অনেক ক্ষেত্রে রোগী অজ্ঞানও হয়ে যান।

ধরা পড়ার জন্য কি করতে হবে?

- ✤ ব্লাড প্রেশার পরীক্ষা
- ✤ আনুষঙ্গিক পরীক্ষা

চিকিৎসা

- ✤ এক্ষেত্রে প্রেশার কতটা আছে তার ওপর ভিত্তি করে রোগীকে ওষুধ দেওয়া হয়।
- ✤ প্রতিদিন নিয়ম করে অন্ততঃ আধ ঘন্টা ঘাম ঝরিয়ে হাঁটতে হবে।
- ✤ অতিরিক্ত তেল-ঝাল-মশলা এড়িয়ে চলা।
- ✤ ধূমপান না করা।
- ✤ খাদ্যে লবণের পরিমাণ পরিমিত রাখা।
- ✤ ব্লাড প্রেশারের মূল চিকিৎসা লাইফস্টাইল মডিফিকেশন। তবে এর থেকে হার্টের সমস্যা দেখা গেলে চিকিৎসক অসুখের ধরণ অনুযায়ী ওষুধ দিয়ে কিংবা সার্জারি করে তার চিকিৎসা করে থাকেন।

প্রেশারের ওসুধ খাওয়ার নিয়ম

অনেকেরই মনে ভ্রান্ত ধারণা থাকে যে, প্রেশার নর্মাল হয়ে গেলে আর ওষুধ খাওয়ার প্রয়োজন নেই। ফলে তারা নিজে থেকেই চিকিৎসকের পরামর্শ ছাড়াই ওষুধ বন্ধ করে দেন। এর ফল কিন্তু মারাত্মক। হেমারেজিক স্ট্রোক কিংবা হার্ট অ্যাটাক হওয়ার সম্ভাবনা। তাই নিয়মিত ওষুধ খান এবং চিকিৎসকের পরামর্শ ছাড়া তা বন্ধ করার সাহস না দেখানোই শ্রেয়।

সতর্কতা

- ✤ প্রতিদিন নির্দিষ্ট সময়ে প্রেশারের ওষুধ খাওয়া।
- ✤ বংশে হাই ব্লাডপ্রেশারের ইতিহাস থাকলে ২০ বছর বয়সের পর থেকেই বিশেষ করে সতর্ক হওয়া।
- ✤ যথা সম্ভব লবণ এড়িয়ে চলা।
- ✤ ব্লাডপ্রেশার থেকে হার্ট, কিডনির অসুখ হতে পারে তাই এই বিষয়ে সতর্ক থাকা।
- ✤ মানসিক চাপ এড়িয়ে চলা।
- ✤ অন্য ওষুধ শুরু করার আগে চিকিৎসকের পরামর্শ নেওয়া।

মস্তিষ্কের

(প্রথম পাতার পর)

জানাচ্ছেন ইনস্টিটিউট অব নিউরো-সায়েন্সেস, কলকাতার মুভমেন্ট ডিজঅর্ডার স্পেশালিস্ট ডাঃ জ্যাকি গঙ্গোপাধ্যায়। তাঁর কথায়, "মূলতঃ দুই থেকে তিন রকমের পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে। একটা যেমন ইমিডিয়েট সাইডএফেক্ট, যেগুলো মূলত অস্ত্রোপচার সংক্রান্ত। এ ক্ষেত্রে রক্তক্ষরণ, সংক্রমণ বা হার্ডওয়্যার সংক্রান্ত সমস্যা হয় কখন-সখনও। হয়তো রোগীর বুকে কোনও আঘাত লাগল, পেসমেকারের সঙ্গে কোনও তারের সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেল। সেক্ষেত্রে ওই তার বদলে নতুন তার লাগাতে হয়।" যদিও এগুলি বিরল বলেই দাবি ডা. গঙ্গোপাধ্যায়ের।

